

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৪৮৭

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩১  
০২ সেপ্টেম্বর, ২০২৪

বিষয়: বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি পদে দায়িত্ব পালন প্রসঙ্গে

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২-১২১৩; তারিখ: ২০/০৮/২০২৪

বিদ্যমান পরিস্থিতি বেসরকারি মাদ্রাসার গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি/নির্বাহী কমিটির সভাপতি পদে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

বেসরকারি মাদ্রাসার গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি/নির্বাহী কমিটির সভাপতি পদে-

- ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে; এবং
- খ) মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হলো। পুনরাদেশ না দেয়া পর্যন্ত তারা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৪৯ অনুযায়ী সংস্থা পরিচালিত মাদ্রাসার ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

উল্লেখ্য, যে সকল মাদ্রাসা কমিটির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কমিটি গঠন করতে পারেনি বা কমিটিবিহীন অবস্থায় পরিচালিত হচ্ছে সে সকল মাদ্রাসাকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৩৯ অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০২.০৯.২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।


নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৪৮৭(১০)

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩১  
০২ সেপ্টেম্বর, ২০২৪

বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক (সকল জেলা);
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা);

৫. জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা);
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা);
৭. ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক;
৮. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধ সহ);
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

  
০২/০৭/২৪

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ০২- ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd